

## 💵 জানাযার কিছু বিধান

বিভাগ/অধ্যায়ঃ দাফন ও প্রাসঙ্গিক আলোচনা রচয়িতা/সঙ্কলকঃ শায়খ আব্দুল আযীয ইব্ন আব্দুল্লাহ ইব্ন বায রাহিমাহুল্লাহ (ইসলামহাউজ)

প্রশ্ন ৯- কবর বা কবরস্থানের রাস্তা আলোকিত করার বিধান কি?

উত্তর - যদি তা মানুষের উপকার্থে বা লাশ দাফনের সুবিদার্থে করা হয় তাহলে জায়েয, যেমন প্রাচীর ঘেরা গোরস্থান যেখানে পর্যাপ্ত পরিমাণ আলো নেই, লাশ দাফনের সুবিধার্থে সেখানে আলোর ব্যবস্থা করা বৈধ। অন্যথায় কবরের উপর বাতি জালানো বা কবরকে আলোকসজ্জা করা নাজায়েয। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

﴿لَعَنَ رَسُولَ اللهِ صَلَى اللهُ عَلَيهِ وَسَلَمُ زَائِراتِ القَبُورِ وَالْمَتَخَذَيْنِ عَلَيهَا الْمُسَاجِد والسَرِجِ» (رواه الترمذي)
"কবর যিয়ারতকারী নারী, কবরের উপর মসজিদ নির্মাণকারী ও তাতে আলোকসজ্জাকারীদের উপর রাস্লুল্লাহ
সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম লানত করেছেন"। (তির্মিজি)

অনুরূপ যদি মানুষের চলাচলের সুবিধার্থে রাস্তায় বাতি দেয়া হয় আর তাতে কবর কিছুটা আলোকিত হয় তবুও দোষের কিছু নেই। অনুরূপ লাশ দাফনের জন্যে বাতি জ্বালানোতে কোন সমস্যা নেই।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14848

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন